

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়  
আগারগাঁও, শেবেবাংলা নগর, ঢাকা- ১২০৭।  
(www.bpsc.gov.bd)

বিজ্ঞপ্তি

নম্বরঃ- ৮০.১০৭.০১১.০০.০০.০০৬.২০১৫/৮৫

তারিখঃ ২১/০৩/২০১৬ খিঃ।

বিষয়ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের “সহকারী প্রকৌশলী (পুর)” পদে নিয়োগের জন্য প্রার্থীদের বাছাই ( MCQ) পরীক্ষা এর সময়সূচী, আসন ব্যবস্থা ও নির্দেশাবলী।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের “সহকারী প্রকৌশলী (পুর)” পদে আবেদনকারী প্রার্থীদের বাছাই পরীক্ষা আগামী ১৩/০৪/২০১৬ খিঃ বুধবার নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী শেবেবাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা কেন্দ্রে অনুষ্ঠিত হবে :

সময়সূচী ও নির্দেশাবলী


পরীক্ষার তারিখ ও সময়	সময়সূচী	পরীক্ষার্থীদের করণীয়
১৩/০৪/২০১৬ খিঃ তারিখ (বুধবার) সকাল ১১:০০টা থেকে ১২ টা পর্যন্ত।	সকাল ১০:২০ মিঃ	পরীক্ষার্থীগণ নির্ধারিত হলে নিজ নিজ কক্ষে প্রবেশ করবেন।
	সকাল ১০:৩০মিঃ	পরীক্ষার্থীদেরকে উত্তরপত্র দেয়া হবে। পরীক্ষার্থীগণ উত্তরপত্রে নিজ নাম, জেলা এবং রেজিঃ নম্বর কালো কালির বলপয়েন্ট কলম দিয়ে লিখে সংশ্লিষ্ট বৃত্তগুলো ভরাট করে নির্ধারিত স্থানে স্বাক্ষর করে পরিদর্শকগণের নির্দেশনামতে হাজিরা তালিকায় স্বাক্ষর করবেন।
	সকাল ১১:০০টা	প্রশ্নপত্র দেয়া হবে। উত্তরপত্রে সেট নম্বর মুদ্রিত থাকবে। পরীক্ষার্থীগণ প্রশ্নপত্র প্রাপ্তির পর এই মর্মে নিশ্চিত হবেন যে, তাকে যে সেট নম্বরের উত্তরপত্র সরবরাহ করা হয়েছে তিনি সেই সেট নম্বরের প্রশ্নপত্র পেয়েছেন।
	দুপুর ১২:০০টা	পরীক্ষা শেষ হবে। পরীক্ষার্থীগণ নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র গণনা করে বুঝে নেয়ার পর পরীক্ষার্থীগণ পরীক্ষা কক্ষ ত্যাগ করবেন। পরীক্ষার্থীগণ প্রশ্নপত্র নিয়ে যাবেন।


পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলী :

- ১) “সহকারী প্রকৌশলী (পুর)” পদের প্রবেশপত্র কমিশনের ওয়েব সাইট(www.bpsc.gov.bd) অথবা টেলিটকের ওয়েব সাইট <http://bpsc.teletalk.com.bd> থেকে ডাউনলোড করা যাবে।
- ২) প্রবেশপত্র ব্যতীত কোন পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না।
- ৩) ওয়েব সাইটে এবং প্রবেশপত্রের ২য় পৃষ্ঠায় প্রদত্ত নির্দেশাবলী যথাযথ ভাবে পালন করতে হবে।
- ৪) সকাল ১০.৪৫ মিনিটের পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।
- ৫) পরীক্ষায় কোন ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না। পরীক্ষা কক্ষে বই-পুস্তক, ব্যাগ, হাতঘড়ি, মোবাইল ফোন বা কোন প্রকার যোগাযোগ যন্ত্র আনা সম্পূর্ণ নিষিদ্ধ।
- ৬) প্রশ্নপত্র দেয়ার পর কোন পরীক্ষার্থী পুনরায় প্রবেশের অভিপ্রায়ে পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না অথবা প্রশ্নপত্র পাওয়ার পর পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না।
- ৭) পরীক্ষার্থীর রেজিঃ নম্বর ৬(ছয়) ডিজিট সম্বলিত। কোন প্রার্থীর রেজিঃ নম্বর ৬(ছয়) ডিজিটের কম হলে বাম দিকের ঘর /ঘরগুলো শূন্য দিয়ে পূরণ করে রেজিঃ নম্বরের ডিজিটসমূহ বল পয়েন্ট কলম দিয়ে প্রযোজ্য ঘরে লিখে নিচের প্রযোজ্য বৃত্তগুলো কালো কালির বলপয়েন্ট কলম দিয়ে ভরাট করতে হবে।
- ৮) পরীক্ষার্থীদের ১০০ নম্বরের অবজেকটিভ ধরণের প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য পরীক্ষার্থী ১(এক) নম্বর পাবেন; ভুল উত্তর দিলে প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫(শূন্য দশমিক পাঁচ) নম্বর কাটা যাবে।
- ৯) বিজ্ঞপ্তিটি (www.bpsc.gov.bd) ওয়েব সাইটে পাওয়া যাবে।

\* পড়াশোনা ও জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন।

\* চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।



  
(শেখ শাখাওয়াৎ হোসেন)  
পরীক্ষা নিয়ন্ত্রক(নন-ক্যাডার)।